

# বাংলাদেশ অর্থনীতি সমিতি

৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

ফোন : ৯৩৪৫৯৯৬

ই-মেইল : [becoa@bangla.net](mailto:becoa@bangla.net)

Website: [bdeconassoc.com](http://bdeconassoc.com)

ছবি

১। নাম : (বাংলা) : .....

ইংরেজী) : .....

২। বর্তমান পেশা : .....

৩। সর্বোচ্চ ডিগ্রী : .....

ডিগ্রীর নাম : ..... বিষয় : ..... ডিগ্রী প্রাপ্তির বছর : .....

৪। ডিগ্রী প্রদানকারী বিশ্ববিদ্যালয় : .....

অন্যান্য স্নাতকোত্তর ডিগ্রী :

ডিগ্রীর নাম	বিষয়	ডিগ্রী প্রাপ্তির বছর	বিশ্ববিদ্যালয়

৫। ডাক যোগাযোগের পূর্ণ ঠিকানা :

অফিস : .....

বাসা : .....

৬। টেলিফোন (যদি থাকে) : (ক) অফিস : ..... (খ) বাসা : .....

৭। টেলিগ্রাম প্রেরণের ঠিকানা : .....

৮। ই-মেইল ( যদি থাকে) : .....

৯। স্থায়ী ঠিকানা : .....

১০। কোন শ্রেণীর সদস্য হইতে ইচ্ছুক ? \*

দুইজন সদস্যের স্বাক্ষর :

(১) স্বাক্ষর : .....

নাম : .....

ঠিকানা : .....

(২) স্বাক্ষর : .....

নাম : .....

ঠিকানা : .....

বি:দ্র: অর্থনীতি বিষয়ে সর্বোচ্চ ডিগ্রীর সার্টিফিকেটের সত্যায়িত কপি সংযুক্ত করুন।

প্রার্থীর স্বাক্ষর

\* প্রাতিষ্ঠানিক সদস্য এর জন্য ২ নং বিষয়ের জন্য প্রতিষ্ঠানের মূল কার্যক্রমসমূহ দিতে হবে এবং ৩, ৪ নং বিষয় পূরণ করার আবশ্যিক নেই।

## সদস্যপদ লাভের পূর্বশর্ত এবং সদস্যদের সুবিধাদি

### (ক) সাধারণ সদস্য :

- (১) অর্থনীতি (কৃষি অর্থনীতিসহ) বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী অথবা চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী এবং অর্থনীতি শিক্ষা, গবেষণা বা চর্চায় নিয়োজিত যে কোন ব্যক্তি সমিতির সাধারণ সদস্য হইতে পারিবেন। [এখানে উল্লেখ থাকে যে বর্তমান আজীবন সদস্য ও সাধারণ সদস্য (যাহাদের সংশোধন পূর্ব '৯৮ গঠনতন্ত্র অনুযায়ী সদস্যপদ বহাল আছে) তাহাদের ক্ষেত্রে সংশোধিত সাধারণ সদস্য পদের নিয়ম প্রযোজ্য হইবে না।]
- (২) সাধারণ সদস্যগণ কার্যনির্বাহক কমিটির নির্বাচনে এবং অন্যান্য ক্ষেত্রে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন।
- (৩) সাধারণ সদস্যগণ সমিতির সাময়িকী এবং সম্মেলনের কার্যবিবরণী ও অন্যান্য বিশেষ প্রকাশনা হ্রাসকৃত মূল্যে লাভ করিতে পারিবেন।
- (৪) সাধারণ সদস্যগণ কার্যনির্বাহক কমিটি কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি'র বিনিময়ে সাধারণ সম্মেলন ও অন্যান্য বিশেষ সম্মেলনে অংশগ্রহণ করিতে পারিবেন।
- (৫) সাধারণ সদস্যদের সমিতির বার্ষিক রিপোর্ট বিনামূল্যে পাইবার অধিকার থাকিবে।
- (৬) সাধারণ সদস্যপদের আবেদন কার্যনির্বাহক কমিটি কর্তৃক অনুমোদিত হইতে হইবে।
- (৭) কার্যনির্বাহক কমিটি কর্তৃক অননুমোদিত সদস্যপদের আবেদনসমূহ সম্পর্কে পরবর্তী সাধারণ সভাকে অবহিত করিতে হইবে।

### (খ) আজীবন সদস্য :

- (১) সাধারণ সদস্যপদের যোগ্যতা সাপেক্ষে কোন ব্যক্তি যথাযথ ফি জমা দিয়ে আজীবন সদস্যপদ লাভ করিতে পারিবেন।
- (২) আজীবন সদস্যগণ সাধারণ সদস্যদের অনুরূপ সকল অধিকার ও সুবিধাদি ভোগ করিবেন।
- (৩) আজীবন সদস্যপদের আবেদন কার্যনির্বাহক কমিটি কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

### (গ) সম্মানিত আজীবন সদস্য :

- (১) সমিতির পূর্ণ কার্যনির্বাহক কমিটি সর্বসম্মতিক্রমে যে কোন বিশিষ্ট ব্যক্তিকে সমিতির আজীবন সদস্যপদ দান করিতে পারিবেন।
- (২) সম্মানিত আজীবন সদস্যগণ সাধারণ সদস্যদের অনুরূপ সকল প্রকার অধিকার ও সুবিধাদি ভোগ করিবেন।

### (ঘ) ছাত্র সদস্য :

- (১) অর্থনীতি (কৃষি অর্থনীতিসহ) বিষয়ে স্নাতকোত্তর পর্যায়ে অথবা উক্ত বিষয়ে চার বছর মেয়াদী কোর্সের শেষ বছরে অধ্যয়নরত যে কোন ছাত্র/ছাত্রী কার্যনির্বাহক কমিটির অনুমোদনক্রমে সমিতির ছাত্র সদস্য পদ লাভ করিতে পারিবেন।
- (২) সদস্যপদ লাভের প্রার্থনা এবং নবায়নের প্রাক্কালে তাহাদের স্ব স্ব বিভাগ/প্রতিষ্ঠান হইতে ছাত্র/ছাত্রী পরিচয়ের সমর্থন সূচক প্রমাণপত্র দাখিল করিতে হইবে।
- (৩) ছাত্র সদস্যদের ভোটাধিকার ও বার্ষিক রিপোর্ট পাইবার অধিকার থাকিবে না।
- (৪) ছাত্র সদস্যগণ নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফি প্রদান সাপেক্ষে সমিতির সাধারণ সম্মেলনে এবং কার্যনির্বাহক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য বিশেষ সম্মেলনে যোগদান করিতে পারিবেন।

### (ঙ) সহযোগী সদস্য :

- (১) যে কোন বিষয়ে স্নাতক অথবা তদুর্ধ ডিগ্রী থাকিলে, অর্থনীতি বা সংশ্লিষ্ট পেশায় সার্বক্ষণিকভাবে নিয়োজিত যে কোন ব্যক্তি কার্যনির্বাহক কমিটির অনুমোদন সাপেক্ষে সমিতির সহযোগী সদস্যপদ লাভ করিতে পারিবেন।
- (২) সহযোগী সদস্যপদের অধিকার ও সুবিধাদি ছাত্র সদস্যদের অনুরূপ হইবে। তবে বিভিন্ন চাঁদা ও ফি'র হারে তারতম্য থাকিতে পারে।

### (চ) প্রাতিষ্ঠানিক সদস্য :

- (১) যে কোন সরকারী, আধা-সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কার্যনির্বাহক কমিটির অনুমোদনক্রমে সমিতির প্রাতিষ্ঠানিক সদস্যপদ লাভ করিতে পারিবে।
- (২) প্রাতিষ্ঠানিক সদস্যপদের অধিকার ও সুবিধাদি ছাত্র সদস্য ও সহযোগী সদস্যদের অনুরূপ হইবে। তবে বিভিন্ন চাঁদা ও ফি'র হারে তারতম্য থাকিতে পারে। প্রাতিষ্ঠানিক সদস্যদের সমিতির বার্ষিক রিপোর্ট বিনামূল্যে পাইবার অধিকার থাকিবে।

৫। (ক) নিম্নবর্ণিত কারণে কোন সদস্যের সদস্যপদ বাতিল বলিয়া গণ্য হইবে :

- (১) যদি পর পর তিন বৎসর তিনি চাঁদা পরিশোধ না করেন,

অথবা

- (২) যদি তিনি লিখিতভাবে পদত্যাগ করেন,

অথবা

- (৩) যদি পূর্ণ কার্যনির্বাহক কমিটি ন্যূনতম দুই-তৃতীয়াংশ ভোটে তাহার সদস্যপদ বহাল থাকাকে সমিতির স্বার্থের পরিপন্থী বলিয়া প্রস্তাব গ্রহণ করেন এবং দুই-তৃতীয়াংশ ভোটে সাধারণ সভা উহা অনুমোদন করেন। সাধারণ সভায় প্রস্তাব পেশ করার পূর্বে কার্যনির্বাহক কমিটি লিখিতভাবে সংশ্লিষ্ট সদস্যকে এই ব্যাপারে অবহিত করিবেন এবং পনের দিনের মধ্যে সদস্যকে লিখিতভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ গ্রহণের আহ্বান জানাইবেন।

(খ) সদস্যপদ বাতিল হইলে পুনরায় সদস্য হইতে কার্যনির্বাহক কমিটির অনুমোদন প্রয়োজন হইবে।

### সদস্যদের চাঁদা

আজীবন সদস্য	=	২,০০০/-
সাধারণ সদস্য	=	২০০/-
সহযোগী সদস্য	=	২০০/-
সদস্য পদ নবায়ন	=	১০০/- প্রতি বৎসর
প্রাতিষ্ঠানিক সদস্য	=	